খল অভিনেতা ওয়াসিমুল বারী রাজীবের মৃত্যুবার্ষিকীতে দুমকীতে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত

written by Chandradip News24 | November 14, 2024

বাংলাদেশের খ্যাতিমান খল অভিনেতা এবং দুমকী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট মহিলা কলেজের প্রতিষ্ঠাতা প্রয়াত ওয়াসিমুল বারী রাজীবের মৃত্যুবার্ষিকী উপলক্ষে বিশেষ আলোচনা সভা, মিলাদ এবং দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৪ নভেম্বর) দুপুর সাড়ে ১২টায় দুমকী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট মহিলা কলেজ অডিটোরিয়ামে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ মোঃ জামাল হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুমকী উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ খলিলুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক সাইফুল আলম মৃধা, প্রধান শিক্ষক আঃ রব

জোমাদ্দার, আঃ জব্বার হাওলাদার, মোঃ রফিকুল ইসলাম খান ও জিএম ইউসুফ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজ গভর্নিং বডির সদস্য, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, অভিভাবক ও শিক্ষার্থী বৃন্দ। আলোচনা সভায় বক্তারা প্রয়াত চলচ্চিত্র অভিনেতা ওয়াসিমুল বারী রাজীবের বর্ণাঢ্য জীবনের স্মৃতিচারণ করেন। তারা তার কর্মময় জীবন, চলচ্চিত্রে অবদান এবং রাজনৈতিক সক্রিয়তার কথা উল্লেখ করেন।

আলোচনা শেষে তার আত্মার মাগফেরাত কামনায় বিশেষ দোয়া ও মিলাদ অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, বাংলাদেশের চলচ্চিত্র জগতের এক উজ্জ্বল নক্ষত্র খ্যাতিমান অভিনেতা, রাজনীতিবিদ মরহুম ওয়াসিমুল বারী রাজীব ১৯৫২ সালের ১ জানুয়ারি পটুয়াখালীর দুমকী উপজেলার শ্রীরামপুর ইউনিয়নের গাবতলী গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭৯ সালে “রাখে আল্লাহ মারে কে” চলচ্চিত্রের মাধ্যমে তিনি অভিনয় জগতে আত্মপ্রকাশ করেন। চার শতাধিক চলচ্চিত্রে অভিনয় করেছেন তিনি, যেখানে তার অসাধারণ অভিনয় দক্ষতা দিয়ে তিনি দর্শকদের মন জয় করেন। ২০০৩ সালে তিনি শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা হিসেবে ৪র্থ জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন। এছাড়াও তিনি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (এফডিসি) এর ব্যবস্থাপনা পরিচালক এবং বিএনপির সহযোগী সংগঠন জাসাস-এর সভাপতি ছিলেন।

ব্যক্তিগত জীবনে তিনি দুই স্ত্রী, তিন পুত্র ও দুই কন্যাসহ অসংখ্য ভক্ত ও অনুরাগী রেখে গেছেন। তার মৃত্যুতে চলচ্চিত্র অঙ্গনে অপূরণীয় শূন্যতার সৃষ্টি হয়েছে, যা এখনো অনুভব করেন তার সহকর্মী ও ভক্তরা।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম